# তনুশ্রী বহুমুখী সমবায় সমিতি লিঃ

## নিবন্ধন নং-৭৬৩/কে, তারিখ: ১০/০৫/২০১১ খ্রি.

## সংশোধিত নিবন্ধন নং-১৮৭/কে, তারিখ-১৬/০১/২০১৮ খ্রি.

গ্রাম- হাজিডাঙ্গা, ডাকঘর-ডুমুরিয়া, উপজেলা-ডুমুরিয়া, জেলা-খুলনা।

স্মারক নং- তারিখ- ১৬/০৪/২০২৪ খ্রি.

এতদ্বারা **তনুশ্রী বহুমুখী সমবায় সমিতি** লিঃ এর সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক আগামী **২০/০৫/২০২৪ খ্রিঃ** তারিখে অনুষ্ঠিতব্য সমিতির বিশেষ সাধারণ সভার মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের নিমিত্ত নির্বাচন কমিটির ১৬/০৪/২০২৪ খ্রিঃ তারিখে সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচনী তফশীল সমিতির সদস্য ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে নিম্নরূপভাবে ঘোষণা করা হল।

### নির্বাচনী তফসিল

| ক্রঃ নং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মনোয়নপত্র বিতরণ | সমিতির কার্যালয় | ২০/০৪/২০২৪ খ্রিঃ তারিখ | সকাল ১০ টা হতে দুপুর ২ টা পর্যন্ত | নির্বাচন কমিটির সদস্য/সভাপতি মনোনয়ন পত্র বিতরণ করবেন |
| ০২ | মনোয়ন পত্র জমাদানের তারিখ | সমিতির কার্যালয় | ২৩/০৪/২০২৪ খ্রিঃ তারিখ | সকাল ১০টা হতে দুপুর ২ টা পর্যন্ত | নির্বাচন কমিটির সভাপতি মনোনয়ন পত্র জমা গ্রহণ করবেন। |
| ০৩ | মনোনয়নপত্র বাছাই | সমিতির কার্যালয় | ২৪/০৪/২০২৪ খ্রিঃ তারিখ | সকাল ১০টা | প্রার্থী বা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন। |
| ০৪ | মনোনয়ন পত্র বাছাইঅন্তে বৈধ প্রার্থীর প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ২৪/০৪/২০২৪ খ্রিঃ তারিখ | বাছাই শেষে | নির্বাচন কমিটি কর্তৃক |
| ০৫ | মনোনয়ন পত্র বাছাইয়ের খসড়া ফলাফলের বিরুদ্ধে বা প্রার্থীর বৈধতা সম্পর্কে সংক্ষুব্ধ পক্ষের আপিল | জেলা সমবায় অফিস, খুলনা। ৩ নং পিসি রায় রোড, খুলনা বরাবর | ২৫/০৪/২০২৪ ও ২৮/০৪/২০২৪ খ্রিঃ তারিখ (দুই কর্ম দিবস) | অফিস চলাকালীন সময় | |
| ০৬ | আপিলের শুনানি ও নিষ্পত্তি | জেলা সমবায় অফিসার, খুলনা। ৩ নং পিসি রায় রোড, খুলনা কর্তৃক | ২৯/০৪/২০২৪ ৩০/০৪/২০২৪ ও ০২/০৫/২০২৪ খ্রিঃ তারিখ (তিন কর্ম দিবস) | অফিস চলাকালীন সময় | |
| ০৭ | নির্বাচন কমিটি কর্তৃক বৈধ প্রার্থী তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ০৫/০৪/২০২৪ খ্রি. তারিখ | সকাল ১০ টা | |
| ০৮ | প্রার্থীতা প্রত্যাহারের তারিখ | সমিতির কার্যালয় | ০৬/০৫/২০২৪ খ্রি. তারিখ | সকাল ১০ টা হতে দুপুর ২ টা পর্যন্ত | নির্বাচন কমিটির সভাপতি আবেদন গ্রহন করবেন |
| ০৯ | প্রতীক বরাদ্দ | সমিতির কার্যালয় | ০৬/০৫/২০২৪ খ্রি. তারিখ | বিকাল ৩.০০ টা | একাধিক প্রার্থী একই প্রতীক দাবির ক্ষেত্রে লটারীর মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করা হবে। |
| ১০ | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ০৬/০৫/২০২৪ খ্রি. তারিখ | প্রতীক বরাদ্দ শেষে | |
| ১১ | ভোট গ্রহণ | সমিতির কার্যালয় | ২০/০৫/২০২৪ খ্রি. তারিখ | সকাল ১০.০ টা হতে বিকাল ৪.০ টা পর্যন্ত বিরতীহীনভাবে | |
| ১২ | ফলাফল ঘোষণা | সমিতির কার্যালয় | ২০/০৫/২০২৪ খ্রি. তারিখ | ভোট গণনা শেষে | |

### নির্বাচনের প্রতীকসমূহঃ

(ক) সভাপতি পদের প্রতীক- চেয়ার ,ছাতা ,টেলিভিশন,

(খ) সহ-সভাপতি পদের প্রতীক- বাইসাইকেল, হাঁস, হরিণ,

(গ) সম্পাদক পদের প্রতীক- মোরগ, বটগাছ, বই,

(ঘ) ব্যবস্থাপনা কমিটি সদস্য পদের প্রতীক - মাছ, ডাব, তরবারী, গোলাপ ফুল ,আনারস,প্রজাপতি,কাপ-পিরিচ, সূর্যমুখী ফুল । প্রকাশ থাকে যে, উপরি উক্ত পদের প্রার্থী সংখ্যা বেশি হলে বা বিশেষ অবস্থার প্রেক্ষিতে নির্বাচন কমিটি প্রতীক বরাদ্দের সময় বর্ণিত প্রতীক ভিন্ন অন্য প্রতীক বরাদ্দ করবেন।

# নির্বাচন সম্পর্কে জ্ঞাতব্য :

১. নির্বাচন সমবায় সমিতি আইন, ২০০১, সমবায় সমিতি আইন (সংশোধন), ২০০২ ও ২০১৩, সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এবং সংশ্লিষ্ট সমিতির উপ আইন মোতাবেক পরিচালিত হবে।

২.ব্যবস্থাপনা কমিটির সভাপতি-০১ জন, সহ-সভাপতি-০১ জন, সম্পাদক -০১ জন, ও ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে- ০৩ জন সহ মোট ৬ (ছয়) টি পদে নির্বাচিত হবেন।

৩.নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য নির্বাচনে আগ্রহী প্রত্যেক প্রার্থীকে মনোনয়ন পত্র নির্বাচন কমিটির নিকট হতে মনোনয়ন পত্র মূল্য হিসেবে সভাপতি পদে ১২০০/- (এক হাজার দুইশত) টাকা, সহ-সভাপতি পদে- ১০০০/- (এক হাজার) টাকা, সম্পাদক পদে- ১০০০/- (এক হাজার) টাকা ও ব্যবস্থাপনা কমিটির সদস্যপদে ৮০০/- (আটশত) টাকা অফেরৎযোগ্য দিয়ে রশিদ গ্রহণ করতে হবে। মনোনয়নপত্রের সাথে রশিদের মূলকপি সংযুক্ত করতে হবে।

৪.নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক সকল প্রার্থীকে সমবায় সমিতি আইন, ২০০১, সমবায় সমিতি আইন (সংশোধন), ২০০২ ও ২০১৩ এর ১৮(৮) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৪ বিধি ও সমিতির উপ-আইন মোতাবেক যোগ্য হতে হবে।

৫.মনোনয়ন পত্র বাছাই, প্রতীক বরাদ্দ ও অন্যান্য কর্মকান্ড চলাকালীন সময়ে প্রার্থী অথবা তাঁর প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

৬.মনোনয়ন পত্র যথাযথভাবে পূরণ করতে হবে। কোন অবস্থাতেই অস্পষ্ট, ঘষামাজা বা ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।

৭.চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সদস্য ব্যতিত কোন ব্যক্তি নির্বাচনে অংশগ্রহণ বা নির্বাচনে ভোট দিতে পারবে না।

৮.কোন প্রার্থী একাধিক পদে মনোনয়ন পত্র দাখিল করতে পারবে না।

৯.ব্যালট পেপারে প্রার্থীগণের নামের আদ্যক্ষর অনুসারে নাম সন্নিবেশিত হবে এক্ষেত্রে মূল নাম বিবেচ্য হবে।

১০.নির্বাচন সংক্রান্ত বিষয়ে কারও কোন জিজ্ঞাসা থাকলে বা জানার প্রয়োজন হলে নির্বাচন কমিটির সভাপতির নিকট থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

কৃপা মন্ডল ১৬/০৪/২৪
সদস্য
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন- ২০২৪
তনুশ্রী বহুমুখী সমবায় সমিতি লিঃ
হাজিডাঙ্গা , ডুমুরিয়া, খুলনা।

বিশ্বজিত জোদ্দার ১৬/০৪/২৪
সদস্য
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন- ২০২৪
তনুশ্রী বহুমুখী সমবায় সমিতি লিঃ
হাজিডাঙ্গা , ডুমুরিয়া, খুলনা।

১৬/০৪/২৪
তন্ময় পাঁড়ে
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
ডুমুরিয়া, খুলনা
ও
সভাপতি
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন- ২০২৪
তনুশ্রী বহুমুখী সমবায় সমিতি লিঃ
হাজিডাঙ্গা , ডুমুরিয়া, খুলনা।

স্মারক নং-

তারিখ-১৬/০৪/২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

১. জনাব ______________________ সদস্য, নির্বাচন কমিটি, তনুশ্রী বহুমুখী সমবায় সমিতি লিঃ, হাজিডাঙ্গা , ডুমুরিয়া, খুলনা তাঁকে নির্বাচনী তফসিলে বর্ণিত তারিখের প্রতিটি কর্মকান্ডে/ সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা গেল। এ সম্পর্কে পৃথক নোটিশ দেওয়া সম্ভব হবে না।

২. সভাপতি, বিদ্যমান ব্যবস্থাপনা কমিটি, তনুশ্রী বহুমুখী সমবায় সমিতি লিঃ, হাজিডাঙ্গা, ডুমুরিয়া, খুলনা ,তাঁকে সমিতির সকল সদস্য এবং সংশ্লিষ্ট সকলকে এই নির্বাচনী তফসিল অতীব জরুরী ভিত্তিতে জারী করাসহ নোটিশ বোর্ডে সকলের জ্ঞাতার্থে প্রকাশের অনুরোধ করা গেল।

৩. উপজেলা সমবায় অফিসার, ডুমুরিয়া, খুলনা।

৪. জেলা সমবায় অফিসার, খুলনা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫. সমিতির নোটিশ বোর্ড।

১৬/০৪/২৪
তন্ময় পাঁড়ে
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
ডুমুরিয়া, খুলনা
ও
সভাপতি
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন- ২০২৪
তনুশ্রী বহুমুখী সমবায় সমিতি লিঃ
হাজিডাঙ্গা , ডুমুরিয়া, খুলনা।